গাংনীতে প্রতিপক্ষের হামলায় দুজন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামে প্রতিপক্ষের হামলায় দু’জন মারাত্মক আহত হয়েছেন। আহতদেরকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহতরা হচ্ছেন- ওই গ্রামের পলান পাইকের ছেলে আশরাফুল (৩৭) ও রমজান পাইকের ছেলে হুরমত আলী ওরফে আকালী পাইক। জমি জমা সংক্রান্ত বিরোধের জের ধরে গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে এ হামলার ঘটনাটি ঘটে।

আহত সুত্রে জানা গেছে, গ্রামের মাঠে এক একর জমি নিয়ে মক্কেল পাইক গ্রুপের সাথে দ্বন্দ্ব চলে আসছিল। জমিটি তাদের দখলে থাকলে মক্কেল পাইক গ্রুপের লোকজন মাস তিনেক আগে জবর দখল করে।

ওই জমি চাষ করতে গেলে প্রতিপক্ষরা হামলা চালিয়ে তাদেরকে আহত করে। স্থানীয় লোকজন আহতদেরকে উদ্ধার করে স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক আবীর জানান, আহতদের অবস্থা এখন একটু ভাল এবং শঙ্কামুক্ত। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এ ব্যাপারে কেউ কোন অভিযোগ করেনি।

গাংনী ৭০ বোতল ফেনসিডিলসহ যুবক আটক

৭০ বোতল ফেনসিডিলসহ আশিকুজ্জামান (১৯) নামের এক যুবককে আটক করেছে গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্পের একটি দল। আটক আশিকুজ্জামান গাংনী উপজেলার কাজীপুর গ্রামের বর্ডারপাড়া এলাকার নিয়ামত আলীর ছেলে।

আজ মঙ্গলবার (১৯ এপ্রিল) বিকাল ৫ টার দিকে রামনগর বাজারে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করে পুলিশ। ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হানের নেতৃত্বে সহকারী উপপরিদর্শক (এএসআই) আশরাফ আলী ও সঙ্গীয় ফোর্স এ অভিযানে অংশ নেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান জানান, দুজন মাদক কারবারী ফেনসিডিলের একটি চালান নিয়ে কুষ্টিয়ার উদ্দ্যেশে যাওয়ার জন্য রামনগর বাজারে দাড়িয়ে আছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে একজন মাদক কারবারী পালিয়ে গেলেও বস্তাভর্তি ফেনসিডিলসহ আটক হন আশিকুজ্জামান।
ফেনসিডিল উদ্ধারের ঘটনায় পলাতক আসামীসহ দুজনের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়েরের চেষ্টা চলছে।

আইন বিরোধী সন্ত্রাসী কর্মকান্ড করলে যত বড় নেতা বা পদ পদবী লোক হোক আইনগত ব্যবস্থা – সাহিদুজ্জামান খোকন

রমজান মাস ও ঈদের কেনাকাটাসহ জনস্বার্থের কথা বিবেচনা করে ও জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাদের আশ্বাসে গাংনী উপজেলা শহরের শহীদ রেজাউল চত্ত¡রে আজ মঙ্গলবার (১৯ এপ্রিল) সন্ধ্যায় বিক্ষোভ ও আগামীকাল বুধবার ডাকা হরতাল কর্মসূচী স্থগিত করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।

উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আজ মঙ্গলবার (১৯ এপ্রিল) দুপুরে

সাংবাদিকদের সাথে প্রেস কনফারেন্স করে এ কর্মসূচী স্থগিত ঘোষণা করে।
এসময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি সাইফুজ্জামান শিপু,রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গল, আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতা কর্মী।

বক্তব্যে এমপি খোকন বলেন, আমরা সবাই মুসলিম পরিবারের সন্তান। একদিকে রমজান মাস। অন্যদিকে সন্ধ্যার দিকে রমজানের কেনাকাটা করে থাকে মানুষ। জনস্বার্থের কথা বিবেচনা ও প্রশাসনের আস্বাসে সন্ধ্যায় ডাকা বিক্ষোভ সমাবেশ স্থগিত করা হচ্ছে।

তিনি বলেন, রমজানের রোজা রেখে ইফতারের পর মানুষ যখন ইফতার করে নামাজ শেষে একটু বিশ্রাম নিচ্ছিলেন। ঠিক তখনি কতিপয় দূর্বৃত্তরা আমাদের কর্মীদের উপর গুলি বর্ষণ করে।

এঘটনায় পৌরবাসি, স্থানীয় ব্যবসায়ী, জনতা ও সাধারণ মানুষ দূর্বৃত্তদের প্রতিরোধ গড়ে তোলেন। পরিস্থিতি সামাল দিতে এবং জনগণের বিক্ষোভের মুখে অভিযুক্ত মোশাররফ হোসেনকে থানা হেফাজতে নেন পুলিশ।

পরে মোশাররফ হোসেনের সাথে কথা বলে বিশেষ শর্তে তাকে পুলিশ মুক্তি দিয়েছেন। এ ধরণের আর কোনো অনভিপ্রেত ঘটনা পরিস্থিতি যাতে না ঘটে সেদিকে প্রশাসন খেয়াল রাখবেন বলেও আমাদের আসস্থ্য করেছেন প্রশাসনের পক্ষ থেকে। আমরা প্রশাসনের কথায় বিশ্বাস রেখে এবং রোজা মাসের কথা বিবেচনা করে এই কর্মসুচী স্থগিত করা হয়েছে। বাজারে এখন ঈদের কেনাকাটা চলছে। সন্ধ্যার পর বাজারের বিক্রি বৃদ্ধি পাই। প্রশাসনের কথা বিশ্বাস করে ও জনস্বার্থের সবদিক বিবেচনা করেই কমসূচী স্থগিত করা হলো। নেতা কর্মীদের ঘটনার পর্যবেক্ষণ ও শান্ত থাকার জন্য অনুরোধ জানান। তিনি মোশাররফ হোসেনকে বলেন গাংনীর শান্ত পরিবেশকে যেনো কোনোভাবে অশান্ত না করতে পারে সেজন্য প্রশাসনের সুদৃষ্টি রাখার আহবান জানান তিনি। জনগণের উদ্যোশ্যে তিনি বলেন আমাদের সচেতন হতে হবে। কোনো

চাঁদাবাজ, ধান্দাবাজ ও দুষ্ট লোকেরা মাথা চাড়া দিয়ে উঠতে না। তারা যেনো গাংনী উপজেলা শহরের এই সমাজকে কলুষিত করতে না পারে। ঈদের এই উৎসব যেনো ভুলন্ঠিত করতে না পারে সেদিকে সবাইকে সজাগ থাকার আহবান জানান। ছোট খাটো ঘটনা নিয়ে যেনো বড় কোনো তিনি প্রশাসনের প্রতি আহবান করে বলেন সন্ত্রাসী যে দলেরই হোক না কেনো, আওয়ামীলীগ, যুবলীগ বা ছাত্রলীগ যারাই আইন বিরোধী সন্ত্রাসী কর্মকান্ড করবে সে যত বড় নেতা বা পদ পদবী ধারি লোক হোক তাদের প্রতি আইনগত ব্যবস্থা নিতে হবে। খারাপ লোকের বিরুদ্ধে প্রশাসন নির্বিঘেœ নির্ভয়ে বিনা বাঁধায় ও নির্ধিদায় আইনী ব্যবস্থা নিলে আমাদের কোনো আপত্তি থাকবেনা। আমরা চাই জনগণের শান্তি। আমরা চাই জনগণ নির্ভিঘেœ ব্যবসা করবে। জনগণ নির্বিঘেœ তাদের ঈদের কেনাকাটা করবে। রোজাদাররা যেনো মসজিদে গিয়ে তারবীর নামাজ আদায় করতে পারে সেদিকে সবাইকে লক্ষ রাখতে হবে। দু একটি গাঁজাখোর ভুঁইফোড় নেতার কারণে আজকে দলের ও কর্মীদের ভাবমূর্তি নষ্ট হবে এটা আমরা চাইনা। প্রশাসন এসব দু:স্কৃতিকারীদের প্রতি নজর রাখবেন এবং কঠোর হস্তে দমণ করবেন।

উল্লেখ্য, গতকাল সোমবার সন্ধ্যার পর গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন ও স্থানীয় কিছু নেতা কর্মীদের মাঝে বাকবিতন্ডা হয়। এক পর্যায়ে গাংনী উপজেলা শহরের জেলা পরিষদের মার্কেটের দ্বিতীয় তলায় মোশাররফ হোসেনের অফিস থেকে দু রাউন্ড গুলি বর্ষণ করেন। পরে স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ রাস্তায় নেমে এসে মেহেরপুর কুষ্টিয়া সড়ক অবরোধসহ বিক্ষোভ মিছিল করেন। এক পর্যায়ে গাংনী থানা পুলিশ উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনকে থানা হেফাজতে নেন। তবে প্রাথমিকভাবে তদন্ত শেষে মোশাররফ হোসেনকে গভীর রাতে ছেড়ে দেন।

মেহেরপুর সরকারী কলেজের পুকুর থেকে অর্ধগলিত নারীর মরদেহ

উদ্ধার

মেহেরপুর সরকারী কলেজের পুকুর থেকে মুসলিমা খাতুন (৩৮) নামের তামাক কোম্পানীর এক নারী শ্রমিকের গলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মুসলিমা খাতুন মেহেরপুর শহরের পোষ্ট অফিস পাড়া এলাকার জিয়ারুল ইসলামের স্ত্রী ও একই এলাকার আব্দুল মালেকের মেয়ে। সে দুই সন্তানের জননী।

আজ মঙ্গলবার (১৯ এপ্রিল) সকাল ৯ টার দিকে মেহেরপুর সরকারী কলেজের পুকুরে অর্ধগলিত মরদেহ ভাসতে দেখে তার বাড়ির লোকজনকে খবর দিলে পরিবারের লোকজন এসে তার মরদেহ সনাক্ত করেন। তার স্যান্ডেল ও পোশাক পুকুরের পাশে পড়ে আছে।

মুসলিমা খাতুনের মা আরবি বেগম জানান, গত দুই দিন আগে তামাকের ক্রয়কেন্দ্রে তামাক বাছাইয়ের কাজ করতে বের হন। তারপর আর ফিরে আসেনি। মুসলিমার ছোট বড় বোন রেহেনা খাতুন ও ছোট বোন তাসলিমা খাতুন জানান, বৃটিশ আমেরিকা তামাক কোম্পানীর তামাক ক্রয় কেন্দ্রের গোডাউনে শ্রমিকের তামাক বাছাইয়ের কাজ করার পর সে প্রতিদিনই এই পুকুরে গোসুল করে বাড়িতে ফেরেন। ওই দিনের পর থেকে আর বাড়িতে ফিরে আসেনি সে। পরিবারের লোকজন এই পুকুরের পাড়সহ বিভিন্ন স্থানে খোঁজাখুজি করেও কোনো সন্ধান মেলাতে পারেনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান জানান, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে এসে নিহততের মরদেহ উদ্ধার প্রক্রিয়া শুরু করেছে। কি কারনে সে মারা গিয়েছে তদন্ত সাপেক্ষ বলা যাবে।তবে পরিবারের লোকজন জানিয়েছে মুসলিমা মৃগিরোগে আক্রান্ত ছিল।

গাংনীতে অজ্ঞান পার্টির খপ্পরে

যুবক হাসাপাতালে ভর্তি

মেহেরপুরের গাংনীতে ব্যাংক থেকে টাকা উত্তোলন করে বাড়ি ফেরার পথে অজ্ঞান পার্টির খপ্পরে পড়েছে আশিক(২৯) নামের এক যুবক।

আশিক অজ্ঞান অবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। সে গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের বরকত আলীর ছেলে। সোমবার বিকেলে গাংনী বাসস্ট্যান্ডে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে মেহেরপুরের একটি ব্যাক থেকে ২ লাখ ৫০ হাজার টাকা নিয়ে বাস যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে অজ্ঞান পার্টির সদস্যরা আশিকের নাকের সামনে রুমাল নাড়ানাড়ি করলে আশিকের মাথা ঘুড়ে পড়ে যায়।

এসময় বাসের অন্যান্য যাত্রীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে পরিবারের লোকজন স্বাস্থ্য কমপ্লেক্সে এসে আশিকের পকেট থেকে ২ লাখ ৫০ হাজার টাকা উদ্ধার করে।

গাংনী থানার ওসি আব্দুৃর রাজ্জাক বলেন,বিষয়টি শুনেছি। হাসপাতালে পুলিশ পাঠানো হয়েছে। আশিকের জ্ঞান ফিরলে বিষয়টি জানা যাবে।

গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ আটক

মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেনকে (৫২) আটক করেছে পুলিশ। আওয়ামী লীগ নেতাকর্মীদের উদ্দেশ্যে করে গুলি বর্ষণের ঘটনায় তাকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গুলি বর্ষণের ঘটনায় মোশাররফ হোসেনকে গ্রেফতারের দাবিতে নেতাকর্মীদের সড়ক অবরোধের প্রেক্ষিতে তাকে আটক করে পুলিশ।

নেতাকর্মী ও পুলিশ সুত্রে জানা গেছে, সোমবার সন্ধ্যা সাড়ে

সাতটার দিকে সাবেক ছাত্রলীগ নেতা সাইফুজ্জামান শিপুসহ আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে মোশাররফ হোসেনের বাকবিতণ্ডা বাঁধে।

গাংনী বাসস্ট্যান্ড সংলগ্ন জেলা পরিষদ মার্কেটে মোশাররফ হোসেনের ব্যক্তিগত কার্যালয়ের সামনে এ নিয়ে উত্তেজনা শুরু হয়। এর এক পর্যায়ে সাইফুজ্জামান শিপুসহ নেতাকর্মীদের উদ্দেশ্য করে পর পর চার রাউন্ড গুলি বর্ষণ করে মোশাররফ হোসেন। তবে গুলি লক্ষ্যভ্রষ্ট হয়। গুলির ঘটনায় উত্তেজিত নেতাকর্মীরা তার অফিসে হামলা করে।

এর এক পর্যায়ে নেতাকর্মীরা মেহেরপুর-কুষ্টিয়া সড়ক অবরোধ করে মোশাররফ হোসেনের গ্রেফতারের দাবি জানান। অবরোধের কারণে প্রায় ঘন্টাব্যাপী এ সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। আন্দোলনের প্রেক্ষিতে মোশাররফ হোসেনকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, কেন গুলি করেছে এবং তার অস্ত্রের লাইসেন্স আছে কি না তা যাচাই করার জন্য মোশাররফ হোসেনকে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

এদিকে নেতাকর্মীদের আন্দোলনস্থলে উপস্থিত হন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এ বিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল বলেন, গাংনীতে বেশ কিছুদিন ধরে নানা রকম বিশৃংখলা সৃষ্টি করছে মোশাররফ হোসেনসহ তার লোকজন।

তার অফিসে অস্ত্রশস্ত্র নিয়ে সব সময় লোকজনকে ভয়ভীতি দেখায়। যা সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। তাই মোশাররফ হোসেনসহ তার লোকজনকে গ্রেফতার নিশ্চিত না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যহত থাকবে।

গাংনী উপজেলা আ.লীগের কমিটিকে রাজাকারমুক্ত করার দাবীতে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের কমিটিকে রাজাকার মুক্ত করার দাবীতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ‘রাজাকার, অনুপ্রবেশকারী ও হাইব্রিমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদ’ নাম দিয়ে গাংনীর যুবলীগ, আওয়ামী লীগ, কৃষকলীগের কয়েকজন নেতা সংবাদ সম্মেলন করেছে।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সোমবার দুপুরে ওই পরিষদের আহবায়ক মো. ইসমাইল হোসেন (গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি) লিখিত বক্তব্য পাঠ করেন।

তিনি বলেন- ১৮ বছর পর গত ১০ এপ্রিল ত্রি-বার্ষিক সম্মেলনে কাউন্সিলরদের অভিযোগ পাশ কাটিয়ে গাংনী উপজেলা কমিটি গঠন করছেন বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক।

যার সভাপতি গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন ও সম্পাদক মকলেছুর রহমান মুকুল উভয়ে রাজাকারপুত্র। বিএম মোজাম্মেল হক কাউন্সিলরদের অভিযোগ আমলে না নেয়াতে তারা সম্মেলন বয়কট করেন বলে দাবি করেন। সাহিদুজ্জামান খোকনের পিতা আব্দুল গনি বিশ্বাস ৭১ এ গণহত্যাকারী।

তার নিজ গ্রাম গাংনীর তেরাইল গ্রামে ৭১ সালে নস্কর শাহর মাথায় ঘাসের বোঝা চাপিয়ে গুলি করে নির্মমভাবে হত্যা করে। তার লাশ ছয়দিন পর্যন্ত দাফন করতে দেয়নি। গ্রামের ওমর শাহর বাড়িতে পাকসেনা লেলিয়ে দিয়ে তার স্ত্রীকে ধর্ষন করে।

এসময় ওমর আলী ধারালো অস্ত্র দিয়ে দুই পাকসেনাকে কুপিয়ে হত্যা করে। পাকসেনাদের গুলিতে আহত ওমর আলী ভারতে পালিয়ে গিয়ে মারা যায়। বিভিন্ন বাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটায়। মহাব্বতপুরের মুক্তিযোদ্ধা হবিবার রহমানের বাবাকে ধরে নিয়ে গিয়ে ১১দিন নির্যাতন শেষে গুলি করে হত্যা করে।

নবগঠিত গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গাংনীর আড়পাড়া

গ্রামের মকলেছুর রহমান মুকুলের পিতা আব্দুল মান্নানও কুখ্যাত রাজাকার। মান্নান ভাটপাড়া গ্রামের মুক্তিযোদ্ধা সাজদার ফকিরের বাড়িতেসহ গ্রামজুড়ে অগ্নিসংযোগ ও লুটপাঠ করে। স্বাধীনতা পরবর্তী সময়ে নির্যাতিত পরিবারগুলোসহ মুক্তিযোদ্ধারা পিটিয়ে হত্যা করে রাজাকার আব্দুল মান্নানকে।

নুন আনতে পান্তা ফুরানো সাহিদুজ্জামান খোকন গাংনী আসনে সংসদ সদস্য নির্বাচিত হবার পর বর্তমানে আলীশান বাড়ি তৈরী করেছেন দূর্নীতির টাকায়। লিখিত বক্তব্যে বলা হয়েছে-গাংনী উপজেলা আওয়ামী লীগ থেকে রাজাকারপুত্র মুক্ত কমিটি না হলে পরবর্তীতে কঠিন কর্মসূচি দেয়া হবে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোসারফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম।

প্রসঙ্গে গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন জানান-তিনি ছাত্রলীগের সাবেক সভাপতি, ১৮ বছর গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি। তার রাজনৈতিক কর্মকাণ্ডে মুগ্ধ হয়েই প্রধানমন্ত্রী তাকে নৌকা প্রতীক দেন। তিনি প্রধানমন্ত্রীকে গাংনী আসন উপহার দিয়েছেন।

গত ১০ এপ্রিল উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে শতভাগ কাউন্সিলরদের সমর্থনে সভাপতি নির্বাচিত হয়েছেন। মাদকাসক্ত, সুযোগ সন্ধানীরা দূর্নীতি করার সুযোগ না পাওয়াতে তার নামে অপপ্রচার করছেন।

তিনি আরও বলেন- সংবাদ সম্মেলন করা লিখনের দাদা সামসুল হক স্বাধীনতা বিরোধী মুসলিম লীগের লোক ছিলেন। নিকটাত্বীয়রা জামাতের রাজনীতির সাথে জড়িত। ইসমাইল হোসেন কয়েকবার মাদকসহ পুলিশের হাতে ধরা পড়েছে।

গত উপজেলা নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হিসেবে ওয়াসিম সাজ্জাদ লিখন মটর সাইকেল প্রতীক নিয়ে. মজিরুল ইসলাম কাপপিরিচ প্রতীক এবং ইসমাইল হোসেন আনারস প্রতীক নিয়ে বিদ্রোহী প্রার্থী হয়ে নির্বাচন করেছেন।

বাংলাদেশ আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী নৌকার বিরুদ্ধে প্রার্থী হলে দলের কোন পদে থাকতে পারবেনা। সেই হিসেবে সংবাদ

সম্মেলন করা ওরা আওয়ামী লীগ কিম্বা অঙ্গসংগঠনের কোন সদস্য না।

গাংনীতে পুত্রবধুর নির্যাতন সইতে না পেরে বৃদ্ধার আত্মহত্যা

পুত্রবধুর নির্যাতন সইতে না পেরে শেষ পর্যন্ত আত্মহত্যার পথ বেছে নিলেন ষাটোর্ধ বৃদ্ধা শাশুড়ি আবেদা খাতুন। আজ সোমবার দুপুর ১২ ঘটিকায় ঘরের জানালার গ্রীলের সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করেন তিনি । আবেদা খাতুন মেহেরপুরের গাংনীর হাড়াভাঙ্গা পশ্চিমপাড়ার ফজল মালিথার স্ত্রী।

এ ঘটনায় গাংনী থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।
সুত্র জানায়, আবেদা খাতুন বেশ কয়েক বছর শারীরিক অসুস্থতায় ভুগছিলেন। তার দেখা শোনা করতে নারাজ পুত্রবধু সালমা। ফলে মেয়ের বাড়িতে ছিলেন আবেদা খাতুন। গত কয়েকদিন আগে বাড়িতে ফিরে আসলে পুত্রবধু সালমা তার শাশুড়ি আবেদাকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে। আজ সকালে ব্যাপক নির্যাতনের স্বীকার হন আবেদা । বাধ্য হয়ে ঘরের জানালার গ্রীলের সাথে ওড়না পেচিয়ে আত্মহুতি দেন তিনি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সংবাদ পেয়ে এসআই আতিক সঙ্গীয় ফোর্সসহ ঘটনাস্থলে গেছেন। পরিবেশ পরিস্থিতি অনুযায়ি আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে পুরহিত সেবাইতাদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরহিত সেবাইতাদের দক্ষতা বৃদ্ধি প্রকল্প শীর্ষক প্রকল্প (দ্বিতীয় পর্যায়ে) এর আওতায় মেহেরপুর জেলার পুরহিত সেবাইতাদের ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে মেহেরপুর নিগমানন্দ সরস্বতী ও শিবালয় আশ্রম মন্দিরে, জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ ৩ দিন ব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন ঘোষণা করেন।

হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের জুনিয়র কনসালটেন্ট অশোক কুমার চ্যাটার্জীর সভাপতিত্বে, উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য। এছাড়াও শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্ত্তী, ধীজেন্দ্রনাথ সরকার, কিশোর পাত্র, সহকারি পরিচালক হ্যাপি সাহা, সুশীল চক্রবর্তী প্রমুখ বক্তব্য রাখেন।

গাংনীতে ভর্তুকী মূল্যে কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ

মেহেরপুরের গাংনীতে সোমবার দুপুরে ভর্তুকী মূল্যে কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে “সমন্বিত ব্যবস্থাপনা মাধ্যমে কৃষি যান্ত্রিকী করণ প্রকল্পের আওতায় সরকারী উন্নয়ন সহায়তায় ৬ জন চাষির মাঝে এ কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়। মোহাম্মদ সাহিদুজ্জামান এমপি প্রধান অতিথী হিসেবে চাষিদের মাঝে

স্ব স্ব কৃষি যন্ত্রের চাবি হস্তান্তর করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে ও উপজেলা পরিষদ চত্ত্বরে অনুষ্ঠিত কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজিত এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ লাভলী খাতুন। এসময় মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামছুল আলম ও অতিরিক্ত উপ-পরিচালক কামরুজ্জামানসহ সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।